**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৩ জুলাই, ২০০৭/১৯ আষাঢ়, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১১/২০০৭/১২৯ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ৩১ মার্চ ২০০২ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-৫/২০০২/৬৬ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত 'জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ'(এনসিডব্লিউডি) বাতিলক্রমে নিম্নরূপ পুনর্গঠন করেছে ঃ

(ক) **পরিষদের নাম ঃ** 'জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ'(এনসিডব্লিউডি)

(খ) **পরিষদের গঠন ঃ**

| | |
|---|---|
| (১) উপদেষ্টা,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (৩) সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| (৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) সচিব, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) সচিব, তথ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১১) সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| (১২) সদস্য (আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন | - সদস্য |
| (১৩) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - সদস্য |
| (১৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১৫) মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | - সদস্য |
| (১৬) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা | - সদস্য |

(গ) কমিটি প্রয়োজনে অন্য যে কোন মন্ত্রণালয়/বিভাগের সচিব/প্রতিনিধিকে কিংবা যে কোন বেসরকারী সংস্থার কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকতে অনুরোধ করতে পারবে।

(ঘ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত নীতি প্রণয়ন ও কার্যক্রমের সমন্বয় সাধন;

(২) মহিলাদের আইনগত অধিকার, মহিলা উন্নয়ন এবং মহিলাদের নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত বিষয়াবলী সম্বন্ধে নীতি প্রণয়ন;

(৩) সকল কর্মক্ষেত্রে মহিলাদের স্বার্থ সংরক্ষণ, অংশগ্রহণ ও তাদের ভাগ্যোন্নয়ন সম্পর্কে গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ।

২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৮ জুন, ২০০৭/০৪ আষাঢ়, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ -১ /২০০৬/১২৪ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ২১শে জানুয়ারি ২০০৭ তারিখে মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ -১ /২০০৬/১২৪ প্রজ্ঞাপন মূলে গঠিত পরিশিষ্ট -গ তে উল্লেখিত 'জাতয়ি অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি' (একনেক ) এর কার্যপরিধি থেকে (৬) নং অনুচ্ছেদ বিয়োজন ও (৬)নং অনুচ্ছেদ সংশোধন করে পরিশিষ্ট -খ তে উল্লেখিত 'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি ' এর কার্যপরিধিতে অনুচ্ছেদ (৪) এর পর (৫)ও (৬) নম্বর অনুচ্ছেদ উল্লেখিতভাবে সংযোজন করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

পরিশিষ্ট-গ

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

**নির্বাহী কমিটির সংশোধিত কার্যপরিধিঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন।

(২) সরকারী খাতে ২৫(পঁচিশ) কোটি টাকার উর্দ্ধে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন।

(৩) উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

(৪) বেসরকারী উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহনে বিনিয়োগ কোম্পানী সমূহের প্রস্তাব বিবেচনা।

(৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতি নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা।

(৬) সরকারী সংস্থা সমূহের উৎপন্ন দ্রব্যের মূল্যে ও জনসেবামূলক সার্ভিস সমূহের রেট, ফিস ইত্যাদি বিবেচনা।

(৭) বৈদেশিক সাহায্যের বিষয়ে নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

**পরিশিষ্ট-খ**

## অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

**কমিটির সংশোধিত কার্যপরিধিঃ**

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন ;

(২) উপদেষ্টা পরিষদে উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন ঃ

ক. বাণিজ্য নীতি(আমদানী নীতি, রপ্তানী নীতি প্রভৃতিসহ);
খ. শিল্পনীতি;
গ. বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী।

(৩) ব্যাংক, বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

(৪) বিভিন্ন সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য ভর্তুকী সংক্রান্ত বিষয়াদি।

(৫) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলী বিশেষতঃ উহাদের আর্থিক ফলাফল বিবেচনা।

(৬) বাণিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানির বিষয়ে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা সমূহের অগ্রগতি পর্যালোচনা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৭ জুন, ২০০৭/০৩ আষাঢ়, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১/২০০৭/১২২ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৫ এপ্রিল ২০০৭ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১/২০০৭/৮৭ নম্বর প্রজ্ঞাপন মূলে 'ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণ প্রকল্পের আওতায় "স্বাধীনতা স্তম্ভ" (টাওয়ার) নকশা নির্বাচন সংক্রান্ত গঠিত কমিটি'র কার্যকাল ১৫-৫-২০০৭ হতে ১৫-৭-২০০৭ পর্যন্ত আরও ২(দুই) মাস বর্ধিত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ মে, ২০০৭/৩ জ্যৈষ্ঠ, ১৪১৪

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১০/২০০৭/১০৫- মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৫ মার্চ ২০০২ তারিখে মপবি/শাঃপঃ/কপগ-১/৯৫/৫১ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত 'জাতীয় শিশু পরিষদ' বাতিলক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয় শিশু পরিষদ' নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) **পরিষদের গঠন ঃ**

(১) উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - আহ্বায়ক
(২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য
(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় - সদস্য
(৪) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় - সদস্য
(৫) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় - সদস্য
(৬) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
(৭) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় - সদস্য
(৮) সচিব, তথ্য মন্ত্রণালয় - সদস্য
(৯) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় - সদস্য
(১০) সচিব, অর্থ বিভাগ - সদস্য
(১১) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় - সদস্য
(১২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দেশের সকল শিশুর স্বার্থ ও অধিকার রক্ষার এবং শিশু কল্যাণের নিমিত্ত সার্বিক নীতি নির্ধারণ সংক্রান্ত সুপারিশমালা প্রণয়ন;

(২) শিশুর স্বার্থ ও অধিকার সংরক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনবোধে নূতন আইন ও বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান আইনসমূহের সময়োপযোগী সংশোধন ও পরিবর্তনের জন্য সুপারিশ প্রণয়ন;

(৩) শিশু অধিকার সনদের সঠিক বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট বিষয়াদি পর্যবেক্ষণ।

২। পরিষদ ছয় মাস অন্তর অথবা প্রয়োজন অনুসারে আরো স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হবে।

৩। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব(কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৪ মে, ২০০৭/ ৩১ বৈশাখ, ১৪১৪

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-৩/২০০৭/১০০-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৬-০৭ অর্থ বৎসরে বোরো উৎপাদনের অতিরঞ্জিত লক্ষ্যমাত্রা বোরো ধানের সংগ্রহ মূল্য বৃদ্ধির প্রস্তাব আগাম প্রকাশিত হওয়ার বিষয়টি দায়ী কর্মকর্তা-কর্মচারীদের চিহ্নিত করে প্রতিবেদন পেশ করার লক্ষ্যে কমিটি গঠন করেছে ঃ

(ক) কমিটির গঠন ঃ

(১) যুগ্ম- সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ - সভাপতি
(২) উপ-সচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয় - সদস্য
(৩) উপ-সচিব (সংগ্রহ), খাদ্য মন্ত্রণালয় - সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(১) ২০০৬-০৭ অর্থ বৎসরে বোরো আবাদ ও উৎপাদনের অতিরঞ্জিত লক্ষ্যমাত্রা নির্ধারনের জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারীদের চিহ্নিতকরণ;
(২) বোরো ধানের সংগ্রহ মূল্য বৃদ্ধির প্রস্তাব উপযুক্ত কর্তৃপক্ষের নিকট বিবেচনার জন্য উপস্থাপনের পূর্বে প্রকাশিত হওয়ার বিষয়টি তদন্তপূর্বক দায়-দায়িত্ব নির্ধারণ ;
(৩) ভবিষ্যতে এ ধরণের ঘটনা রোধকল্পে করণীয় সম্পর্কে সুপারিশ প্রদান।

২। মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসন ও বিধি অনুবিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। সচিব ,কৃষি মন্ত্রণালয় এবং সচিব ,খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় একজন করে উপ-সচিব কমিটির সদস্য হিসেবে মনোনীত করে অবিলম্বে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবেন।

৩। কমিটি আগামী ১৫(পনের) দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৫ এপ্রিল ২০০৭/০২ বৈশাখ, ১৪১৪**

নং-মপবি/কঃবিঃশাঃ/কপগ-১/২০০৭/৮৭ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ২০ জুলাই ১৯৯৭ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৬/১৬৬ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটি বাতিলক্রমে ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণ প্রকল্পের আওতায় "স্বাধীনতা স্তম্ভ" (টাওয়ার) নকশা নির্বাচন সংক্রান্ত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী - চেয়ারম্যান
উপাচার্য, ব্রাক বিশ্ববিদ্যালয়

(২) সভাপতি - সদস্য
বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট, সোনারতরী টাওয়ার,
বাংলামটর লিংক রোড, ঢাকা

(৩) স্থপতি রবিউল হুসাইন - সদস্য
১৩৭, জাহানারা গার্ডেন, গ্রীণ রোড, ঢাকা-১২১৫

(৪) পরিচালক - সদস্য
চারুকলা ইনস্টিটিউট, ঢাকা

(৫) মহাপরিচালক - সদস্য
জাতীয় যাদুঘর, ঢাকা

(৬) চেয়ারম্যান - সদস্য
স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

(৭) প্রধান প্রকৌশলী - সদস্য
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

(৮) প্রধান স্থপতি - সদস্য
স্থাপত্য অধিদপ্তর, ঢাকা

(৯) যুগ্ম-সচিব - সদস্য
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

(১০) প্রকল্প পরিচালক - সদস্য-সচিব
সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণ প্রকল্প

(খ) **কার্যপরিধি ঃ**
স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে নির্মিতব্য "স্বাধীনতা স্তম্ভ" নকশা নির্বাচন করা।

২। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কমিটি-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। কমিটির কার্যকাল ১(এক) মাস।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ৪ এপ্রিল ২০০৭/২১ চৈত্র, ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ -৬/২০০৭/৮২- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ০৫ সেপ্টেম্বর ,১৯৯৬ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ-২/৯৬-৫৪ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত 'বাংলাদেশ পরিকল্পনা কমিশন' বাতিলক্রমে পুর্নগঠন করেছে :

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | প্রধান উপদেষ্টা | - চেয়ারম্যান |
| (২) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়,পরিকল্পনা মন্ত্রণালয় | - ভাইস- চেয়ারম্যান |
| (৩) | পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ | - সদস্য |
| (৪) | সচিব ,পরিকল্পনা বিভাগ | - সদস্য-সচিব |

(খ) **কার্যপরিধি ঃ**

(১) রুলস অব বিজনেস ,১৯৯৬ এর সিডিউল -১ এ বর্নিত পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলী ।

(২) চেয়ারম্যান ,বাংলাদেশ পরিকল্পনা কমিশন এর সভাপতিত্বে অনুষ্ঠেয় বর্ধিত সভায় নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন হবে:

(২.১) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা ।

(২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী চূড়ান্তকরন ।

(২.৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প ,মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং দারিদ্র নিরসন কৌশল বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরনের নির্দেশনা প্রদান ।

(২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সাথে সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ন বিষয়াবলী ।

(২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ন কৌশলগত বিষয়াবলী সম্পর্কে আন্ত:মন্ত্রণালয় মত পার্থক্য দূরীকরণ ।

(গ) নিম্নলিখিত কর্মকর্তাগণকে পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আহবান জানানো হবে:

(১) সচিব, অর্থ বিভাগ
(২) সচিব,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(৩) সচিব, বাস্তবায়ন ,পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ
(৪) সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(৫) গুরুত্বপূর্ন আন্ত:মন্ত্রণালয় মত পার্থক্য ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব কমিটি ও উন্নয়ন

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৫ মার্চ, ২০০৭/ ১৪ চৈত্র, ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৫/২০০৭/৭৬- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) নিম্নরূপভাবে পুনর্গঠন কমিটি গঠন করেছেঃ

(ক) কমিটির গঠন ঃ

আহবায়কঃ
ড: ফকরুদ্দিন আহমদ
প্রধান উপদেষ্টা

(খ) সদস্যবৃন্দঃ

(১) ব্যারিষ্টার মইনুল হোসেন
উপদেষ্টা আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ,গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় ,
ভূমি মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয়।

(২) ড:এ,বি,মিজ্জা আজিজুল হক
উপদেষ্টা
অর্থ মন্ত্রণালয় ,পরিকল্পনা মন্ত্রণালয় ,বাণিজ্য মন্ত্রণালয় ,
এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

(৩) জনাব আইয়ুব কাদেরী
উপদেষ্টা
স্থানীয় সরকার ,পল মন্ত্রণালয় ,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ।

(৪) জনাব মো:আনোয়ারুল ইসলাম
উপদেষ্টা
মন্ত্রণালয় ,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রণালয়

(৫) মন্ত্রিপরিষদ সচিব , মন্ত্রিপরিষদ বিভাগ

(৬) মুখ্য সচিব , প্রধান উপদেষ্টার কার্যালয়

(৭) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(৮) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৯) সচিব,সংস্থাপন মন্ত্রণালয়

(১০) সচিব, অর্থ বিভাগ

(১১) সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(১২) সদস্য (ভৌত অবকাঠামো),পরিকল্পনা কমিশন

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

সরকার কর্তৃক প্রশাসনিক পুনর্গঠন /পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় কমিটির সুপারিশসমুহ বাস্তবায়ন করা। এ বাস্তবায়ন প্রক্রিয়ায় অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নোক্ত পদক্ষেপসমুহ গ্রহন করা হলো:

(১) নতুন বিভাগ ,জেলা, উপজেলা ,থানা ও তদন্ত কেন্দ্র গঠন/স্থাপনের প্রস্তাব বিবেচনা করা এবং উক্ত স্ত রসমুহের নুন্যতম বিভিন্ন শ্রেনীর লোকবল (কর্মকর্তা ও কর্মচারী )এবং প্রয়োজনীয় অন্যান্য ভৌত সুবিধাদি বাস্তবায়ন নিরূপন;

(২) যে সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মতৎপরতা জেলা ও থানা পর্যায় পর্যন্ত বিস্তৃত , প্রশাসনিক বিকেন্দ্রীকরণ সংক্রান্ত সরকারী নীতিমালা বাস্তবায়নে সেই সকল সকল মন্ত্রণালয়/বিভাগকে দিক-নির্দেশনা প্রদান;

(৩) বিভাগ,জেলা,উপজেলা ও থানা পর্যায়ে জরুরি প্রয়োজনে ভৌত অবকাঠামো নির্মাণ/ সংরক্ষণে বরাদ্দ প্রদানের বিষয়ে নির্দেশ প্রদান ।

(৪) সীমানা পুণ:নির্ধারণ সংক্রান্ত কমিশনের সুপারিশসমুহ বিবেচনা ;

(৫) প্রবর্তিত নতুন প্রশাসন ব্যবস্থার কার্যক্রমসমুহ সময় সময় পুণরীক্ষণ করা এবং পল্লী উন্নয়নের অভিষ্ট লক্ষ্য অর্জনে সরকারকে সংশোধনমুলক ব্যবস্থা গ্রহনের পরামর্শ প্রদান ।

(৬) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি বিবেচনা করা ;

৩। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ও সচিব কমিটির বৈঠকে উপস্থিত থাকবেন। প্রয়োজনবোধে এ কমিটি নুতন সদস্য অন্তর্ভূক্ত( কো-অপ্ট) করতে পারবে।

৪। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হবে।

৫। মন্ত্রিপরিষদ বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৬। এতদ্বারা এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ জুলাই ,২০০৪ /১০ শ্রাবণ ,১৪১১ তারিখের মপবি/কঃবিঃশা:/মসক-৪/২০০৪ /১৫৪নম্বর প্রজ্ঞাপন বাতিল বলে গন্য হবে।

৭। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৮ মার্চ, ২০০৭/১৪ চৈত্র, ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৭/২০০৭/৭৫ - মন্ত্রিপরিষদ বিভাগের গত ৩ ডিসেম্বর ২০০১/১৯ অগ্রহায়ণ ১৪০৮ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/২৩৬ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বাতিলক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বেতন নির্ধারণ সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় - আহ্বায়ক

(২) উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

(৩) উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

(৪) উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় - সদস্য

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়
(৩) সচিব, অর্থ বিভাগ
(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের লক্ষ্যে অনিষ্পন্ন কেইসসমূহের পুনর্বিবেচনা ;
(২) বেতন স্কেলের ব্যত্যয় (অহড়সধষু) দূরীকরণ/বেতন স্কেল পুনঃনির্ধারণ সংক্রান্ত কেইসসমূহ পরীক্ষা করা ; এবং
(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয় পরীক্ষা করা।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
৩। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হবে।
৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
( মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৫ মার্চ, ২০০৭/ ১১ চৈত্র, ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-২/২০০৪৭/৭৩ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশন' (Bangladesh National Human Right`s Commission) প্রতিষ্ঠাকল্পে আইন প্রণয়নের নিমিত্ত সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করেছে:

**(ক) কমিটির গঠন ঃ**

| | |
|---|---|
| (১) মন্ত্রিপরিষদ সচিব | -আহবায়ক |
| (২) সচিব, সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) ভারপ্রাপ্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| (৭) ভারপ্রাপ্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

কমিটি বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা বিষয়ে আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে প্রণীত আইনের খসড়া, বিভিন্ন মানবাধিকার সংস্থা কর্তৃক প্রস্তাবিত খসড়া, প্রতিবেশী রাষ্ট্রসমূহের মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা সংক্রান্ত আইন-কানুন পর্যালোচনা, তাদের প্রায়োগিক অভিজ্ঞতা এবং দেশে বিদ্যমান বাস্তবতা বিবেচনা এবং প্রয়োজনে সিভিল সোসাইটিসহ সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করে 'বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশন' প্রতিষ্ঠাকল্পে আইন প্রণয়নের সুপারিশ প্রদান করবে।

(গ) টির বৈঠকে অংশগ্রহণের জন্য আমন্ত্রন জানাতে পারবে।

(ঘ) আহবায়ক কমিটির সুপারিশ উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপন করবে ।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এতদ্বারা এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৬-১২-২০০১ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-মপবি/শা:প:/মসকগ-২/৯৯/২৫৫ মূলে গঠিত কমিটি বাতিল করা হলো।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৮ মার্চ ২০০৭/২৪ ফাল্গুন ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-৪/২০০৭/৩৬- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দুর্নীতিসহ গুরুতর অপরাধ দমন অভিযান পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা/ বিভাগসমূহকে কার্যকরী কাঠামোর আওতায় জাতীয় সমন্বয় কমিটি" গঠন করেছে। উক্ত জাতীয় সমন্বয় কমিটির আওতায় সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত সাতটি মহানগর/আঞ্চলিক কমিটি যথাঃ ঢাকা-সাভার অঞ্চল, ঘাটাইল অঞ্চল, চট্রগ্রাম অঞ্চল, কুমিল্লা অঞ্চল, বগুড়া অঞ্চল,রংপুর অঞ্চল এবং যশোর অঞ্চল গঠন করা হলো। জাতীয় সমন্বয় কমিটির গঠন, দায়িত্বাবলী ও আইনানুগ ক্ষমতা , সহায়তা প্রদানকারী সংস্থা/বিভাগ, প্রসিকিউশন,টাস্কফোর্স ,প্রশাসনিক সুযোগ-সুবিধা সম্বলিত রূপরেখা নিম্নরূপ এবং ক্রোড়পত্র-১ মোতাবেক হবে ঃ

১। কেন্দ্রীয় কমিটি ঃ

ক। **সংগঠন ঃ**

(১) চেয়ারম্যান- মেজর জেনারেল এম এ মতিন (অবঃ) বিপি, মাননীয় উপদেষ্টা।

(২) প্রধান সমন্বয়ক-মেজর জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী, এনডিসি, পিএসসি , জিওসি, ৯পদাতিক ডিভিশন।

(৩) সদস্যবৃন্দ ঃ
- (ক) সকল জিওসি(দায়িত্বপূর্ন এলাকার প্রতিনিধি এবং সমন্বয়কারী)
- (খ) সচিব, মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়।
- (গ) সচিব, দুর্নীতি দমন কমিশন (সমন্বয়ের নিমিত্তে আমন্ত্রিত)
- (ঘ) চেয়ারম্যান, এনবিআর/ডিজি সিআইসি, এনবিআর
- (ঙ) আইজিপি/অতিরিক্ত মহাপরিদর্শক , এসবি
- (চ) অতিরিক্ত সচিব (লেজিসলেটিভ), আইন মন্ত্রণালয়
- (ছ) ডিজি/অতিরিক্ত মহাপরিচালক, র‌্যাব
- (জ) উপ মহাপরিচালক, বিডিআর
- (ঝ) ডেপুটি গভর্নর/এক্সিকিউটিভ পরিচালক, বাংলাদেশ (ব্যাংক গভর্নর কর্তৃক মনোনীত)
- (ঞ) পরিচালক, এনএসআই (ইন্টারনাল)
- (ট) পরিচালক (সিটিআইবি),ডিজিএফআই
- (ঠ) ডিএমও, বাংলাদেশ সেনাবাহিনী
- (ড) যুগ্ম-সচিব(রাজনৈতিক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- (ঢ) অতিরিক্ত/ডেপুটি এটর্নী জেনারেল (এটর্নী জেনারেল কর্তৃক মনোনীত)

তদুপরী এই কমিটি প্রয়োজনানুযায়ী যে কোন সংস্থা থেকে উপযুক্ত প্রতিনিধি কমিটিতে অন্তর্ভূক্ত করতে পারবেন।

(ক) দায়িত্বাবলী ঃ

(১) সহায়তাকারী বিভাগ/সংস্থা (ক্ষেত্রমতে) হতে প্রাপ্ত বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের তালিকা মূল্যায়ন করা।

(২) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত তালিকাভূক্ত ব্যক্তিগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ/পরামর্শ গ্রহন করা।

(৩) সহায়তাকারী বিভাগ/সংস্থা (ক্ষেত্রমতে) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিগণের তালিকা হালনাগাদ করা।

(৪) অনুসন্ধান ও তদন্ত কার্যপরিচালনার জন্য নির্বাহী বিভাগ/সংস্থা (ক্ষেত্র মতে) বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় সংখ্যক চার্টার্ড একাউনটেন্ট/অডিটর /বিশেষজ্ঞ/কনসালটেন্ট(দেশী/বিদেশী) নিয়োগদানের বিষয়ে সমন্বয় সাধন করা ।

(৫) অনুসন্ধান,তদন্ত ও মামলা পরিচালনার ক্ষেত্রে পদ্ধতিগত (Procedural)এবং আইনানুগ (Legal) বিষয়সমূহ সমন্বয়/তদারকি/মনিটরিং (যেমন প্রযোজ্য হয় As applicable) করা । এ কার্যে প্রয়োজনবোধে এক বা একাধিক সাব-কমিটি নিয়োগ করা।

**২। মহানগর/আঞ্চলিক কমিটির ঃ**

**(ক) সংগঠন ঃ**

(১) x ব্রিগেডিয়ার জেনারেল/কমিশনার এনবিআর/ডিআইজি/যুগ্মসচিব/কমান্ডার বা ক্যাপ্টেন, বাংলাদেশ নৌ-বাহিনী/এয়ার কমান্ডার বা গ্রুপ ক্যাপ্টেন, বাংলাদেশ বিমান বাহিনী।

(২) x স্টাফ অফিসার (১ x সামরিক অফিসার/১ x পুলিশ/১ x এনবিআর)- প্রয়োজনানুযায়ী এবং প্রাপ্যতা সাপেক্ষে।

**(খ) দায়িত্বাবলী ঃ**

(১) ক্ষেত্রমতে বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের তালিকা অনুযায়ী টাস্কফোর্সসমূহকে দায়িত্ব প্রদান করা (প্রয়োজনে কেন্দ্রীয় কমিটি অনুমোদনক্রমে টাস্কফোর্সের সংখ্যা বাড়ানো যেতে পারে)।

(২) টাস্কফোর্সের অন্তর্গত নির্বাহী বিভাগ/সংস্থার মনোনীত সদস্য (ক্ষেত্রমতে) কর্তৃক অনুসন্ধান ও চার্জশীট দাখিল এবং মামলা পরিচালনা সমন্বয় করা।

(৩) টাস্কফোর্সসমূহের কাজের অগ্রগতি মূল্যায়ন করতঃ যথাযথ সুপারিশ/পরামর্শ দেয়া এবং প্রয়োজনীয় পদক্ষেপ (ক্ষেত্রমতে) গ্রহণ করা।

(৪) সংশ্লিষ্ট বিভিন্ন সংগঠনের মধ্যে যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন করা।

(৫) প্রয়োজনে অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের সকল অস্থাবর সম্পত্তি আইনানুযায়ী জব্দ/ক্রোক করা।

৩। টাস্ক ফোর্স ঃ

(ক) সংগঠন ঃ

১ x সশস্ত্র বাহিনী অফিসার (মেজর/সমমান )
১ x র‍্যাব অফিসার (প্রাপ্যতা সাপেক্ষে)
১ x পুলিশ অফিসার
১ x এসিসি অফিসার (যদি দুর্নীতি দমন কমিশন প্রয়োজন অনুভব করে)
১ x এনবিআর অফিসার

সহায়ক সদস্য (প্রয়োজন অনুসারে)

১ x এনএসআই প্রতিনিধি
১ x ডিজিএফআই প্রতিনিধি
১ x ম্যাজিস্ট্রেট

১ x প্রসিকিউটর

১ x অডিটর/চার্টার্ড একাউনটেন্ট/কনসালটেন্ট (দেশী/বিদেশী)

১ x মন্ত্রণালয়ের প্রতিনিধি

নোট ঃ

(১) প্রতিটি জেলায় একটি করে টাস্ক ফোর্স গঠন করা হবে। প্রয়োজনে জেলার টাস্ক ফোর্সের সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে।

(২) আঞ্চলিক কমিটি ও টাস্ক ফোর্সসমূহে প্রাপ্যতা সাপেক্ষে সদস্য নিয়োজিত হবে।

(৩) প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিসট্রেট সংরক্ষিত থাকবে।

(৪) প্রয়োজনীয় সংখ্যক চার্টার্ড একাউন্টেন্ট /অডিটর সংরক্ষিত রাখতে হবে।

(খ) দায়িত্বলী ঃ

(১) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধে নির্বাহী বিভাগ/সংস্থার (ক্ষেত্রমতে) সদস্যের মাধ্যমে ৭ দিনের ভিতরে রুজুকৃত মামলার তদন্ত সম্পাদন করা।

(২) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধে নির্বাহী বিভাগ/সংস্থার (ক্ষেত্রমতে) সদস্যের মাধ্যমে তদন্ত কার্য পরিচালনা করা এবং স্বাক্ষ্য প্রমাণাদি ও দলিল দস্তাবেজ সংগ্রহ করা।

(৩) টাস্কফোর্সের সদস্যগণ কর্তৃক স্বীয় নির্বাহী/সহায়তাদানকারী বিভাগ/সংস্থার (ক্ষেত্রমতে) এফআইআর এবং চার্জশীট তৈরি করা এবং প্রয়োজনে প্রসিকিউশন দলের পরামর্শ গ্রহন করা।

(৪) অনুসন্ধান তদন্ত এবং মামলা কার্য পরিচালনার ক্ষেত্রে পদ্ধতিগত (ঢ়ৎড়পবফঁৎধষ)এবং আইনগত (legal) দিকসমূহ সম্পর্কে সদ্য ওয়াকেবহাল থাকা এবং তদানুসারে সকল কার্য সম্পন্ন করা।

(৫) অনুসন্ধান তদন্ত এবং মামলার ব্যাপারে সহায়তাকারী বিভাগ/সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করা।

(৬) ক্ষেত্রমতে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক অনুসন্ধান, তদন্ত ও মামলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রসিকিউশন দলের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

(৭) রুজুকৃত মামলাসমূহ নিস্পত্তি না হওয়া পর্যন্ত নির্বাহী সংস্থার (ক্ষেত্রমতে) সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয় বজায় রাখা।

(৮) অভিযুক্ত ব্যক্তিদের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত করা এবং আইনানুযায়ী জব্দ/ক্রোক করা।

৪। নির্বাহী বিভাগ/সংস্থা ঃ

(ক) সংগঠন ঃ

দুর্নীতি দমন কমিশন (সমন্বয়ের নিমিত্তে আমন্ত্রিত)
পুলিশ
পুলিশ (এসবি)
পুলিশ (সিআইডি)
র‌্যাব
এনবিআর
বাংলাদেশ ব্যাংক বা তৎকর্তৃক মনোনীত সংস্থা

(৫) দায়িত্বাবলী ঃ

(ক) প্রতিটি টাস্কফোর্সের জন্য একজন যোগ্য সদস্য নিয়োগ করা (দুর্নীতি দমন কমিশন প্রয়োজন সাপেক্ষে সদস নিয়োগ করতে পারবে)।

(খ) প্রতিটি টাস্কফোর্সের নিয়োগকৃত সদস্যকে মামলার তদন্তকারী অফিসার (ক্ষেত্রমতে) হিসেবে মনোনয়ন/নিয়োগ দেয়া)।

(গ) নির্বাহী সহায়তাকারী বিভাগ/সংস্থা (ক্ষেত্রমতে) কর্তৃক সংগৃহীত তথ্য বিশ্লেষণ, মূল্যায়ন এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে সর্বশেষ তথ্যাদি কেন্দ্রীয় কমিটিকে অবহিত করা।

(ঘ) অনুসন্ধান, তদন্ত ও মামলা কাজে সহায়তা করা।

(ঙ) যথাযথ অনুসন্ধান ও তদন্তের নিমিত্তে ক্ষেত্রমতে প্রয়োজনীয় সংখ্যক চার্টার্ড একাউনটেন্ট /অডিটর বিশেষজ্ঞ/কনসালটেন্ট (দেশী/বিদেশী) নিয়োগের ব্যবস্থা করা।

**৫। সহায়তাকারী বিভাগ/সংস্থা ঃ**

**(চ) সংগঠন ঃ**

দুর্নীতি দমন কমিশন (সমন্বয়ের নিমিত্তে আমন্ত্রিত)
এনবিআর
অডিটর এবং কম্পট্রোলার জেনারেল
বিডিআর
পুলিশ
পুলিশ (এসবি)
পুলিশ (সিআইডি)
র‍্যাব
এনএসআই
ডিজিএফআই
বাংলাদেশ ব্যাংক
অন্য যে কোন সংগঠন/উৎস

**(গ) দায়িত্বাবলী ঃ**

(১) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের তালিকা প্রণয়নের সহায়তা করা

(২) নিজস্ব গোয়েন্দা কার্যক্রমের মাধ্যমে কোন সুনির্দিষ্ট বিষয়ের উপর তথ্য উদ্‌ঘাটন করা।

(৩) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তির আর্থিক লেনদেন বিশদভাবে পরীক্ষা করার মাধ্যমে দেশী/বিদেশী ব্রাংকের একাউন্টসমূহ জব্দ (freeze) করার ব্যাপারে নির্বাহী বিভাগ/সংস্থা (ক্ষেত্রমতে) মহানগর/আঞ্চলিক কমিটি ও টাস্কফোর্সকে পরামর্শ প্রদান করা।

(৪) কেন্দ্রীয় কমিটির পরামর্শ/সুপারিশ অনুযায়ী অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তির বিরুদ্ধে অনুসন্ধান ও তদন্ত করে সংগৃহীত তথ্য প্রদান করা।

(৫) অন্যান্য গোয়েন্দা সংস্থার সাথে সমন্বয় সাধন করা।

(৬) স্বীয় সদস্যের যে কোন অবহেলা, অনীহা এবং অপেশাগত কার্যকলাপ সম্পর্কে অভিযোগ উত্থাপিত/প্রমাণিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

**৬। প্রসিকিউশন দল ঃ**

**(ক) সংগঠন ঃ**

১ x প্রধান প্রসিকিউটর

২ x উপ-প্রধান প্রসিকিউটর
প্রসিকিউটর (প্রয়োজনানুযায়ী)

(খ) দায়িত্বাবলী ঃ

(১) কেন্দ্রীয় কমিটির নির্দেশানুযায়ী এবং টাস্কফোর্সের প্রয়োজনানুযায়ী অভিযুক্তদের বিরুদ্ধে রুজুকৃত মামলা পরিচালনার জন্য ক্ষেত্রমতে প্রয়োজনীয় সংখ্যক উপযুক্ত আইনজীবী মনোনয়ন/নিয়োগের ব্যবস্থা করা।

(২) নির্বাহী/সহায়তাকারী বিভাগ/সংস্থাসমূহকে (ক্ষেত্রমতে) অনুসন্ধান ও তদন্তকার্য পরিচালনা, কোর্টে গ্রহণযোগ্য সাক্ষ্য-প্রমাণাদি সংগ্রহ ও মামলার পরিচালনার ক্ষেত্রে নিয়মিত আইনী সহায়তা প্রদান করা।

(৩) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে প্রস্তুতকৃত এফআইআর এবং চার্জশীট গঠনের যথার্থতা (justification) পর্যালোচনা সাপেক্ষে আইনী পরামর্শ প্রদান করা।

৭। অভিযোগ গ্রহণ ও বাছাই সেল ঃ

(ক) সংগঠন ঃ

১ x ব্রিগেডিয়ার জেনারেল, ডিজিএফআই

১ x উইং কমান্ডার, বাংলাদেশ বিমান বাহিনী

১ x মেজর, সেনা বাহিনী

১ x লেঃ কমান্ডার, বাংলাদেশ নৌ বাহিনী

১ x এসপি, বাংলাদেশ পুলিশ

(খ) দায়িত্বাবলী ঃ

(১) বিভিন্ন অপরাধ সংক্রান্ত সকল অভিযোগ গ্রহণ করা।

(২) প্রচার মাধ্যমের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখা এবং সময় সময় প্রচার মাধ্যমসমূহের বিভিন্ন অপরাধ সংক্রান্ত তথ্য প্রদানের জন্য জনগণকে উদ্বুদ্ধ করা।

(৩) বিভিন্ন অপরাধ সংক্রান্ত ওয়েবসাইট চালু করা এবং উক্ত ওয়েবসাইটের মাধ্যমে অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের সম্পর্কে তথ্য সংগ্রহ করা।

(৪) প্রাপ্ত তথ্যসমূহ মূল্যায়ন এবং বিশ্লেষণ সাপেক্ষে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা।

(৫) কেন্দ্রীয় কমিটিকে বিভিন্ন অপরাধ সংক্রান্ত সকল তথ্য/দলিল/সাক্ষ্য সরবরাহ/হস্তান্তর করা।

(৬) তথ্য মূল্যায়ন ও বিশ্লেষণ সাপেক্ষে বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের তালিকা প্রস্তুত, অনুসন্ধান ও তদন্ত কার্য সম্পাদন ও বিচার কার্যক্রমের সকল পর্যায়ে কাঙ্খিত সহায়তা প্রদান করা।

৮। মহানগর/বিভাগীয় কমিটি এবং টাস্কফোর্সসমূহের আইনানুগ ক্ষমতা টাস্কফোর্সসমূহ তাদের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নলিখিত আইনী অধিকারসমূহ ভোগ করবেন ঃ

(ক) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের মালিকানাধীন স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি যে কোন সময় আইনানুযায়ী সার্স করার এবং প্রয়োজনীয় নথি /তথ্য বা সাক্ষ্য প্রমাণাদি জব্দ করার অধিকার থাকবে।

(খ) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের সম্পর্কে সরকারী/বেসরকারী সংস্থাসমূহ থেকে তথ্য পাওয়ার অধিকার এবং সংশ্লিষ্ট সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ কমিটির চাহিদা অনুযায়ী তথ্য প্রদানের বাধ্যবাধকতা থাকবে।

(গ) মামলার প্রয়োজনে যে কোন ব্যক্তিকে তথ্য সংগ্রহ ও জিজ্ঞাসাবাদের জন্য প্রয়োজনানুযায়ী ওয়ারেন্ট ছাড়া আটকাদেশ প্রদানের অধিকার থাকবে।

(ঘ) বিভিন্ন অপরাধের সাথে সম্পৃক্ত ব্যক্তি কর্তৃক বিদেশী ব্যাংকে অর্থ পাচার কিংবা বিদেশে দেশের সম্পদ অবৈধভাবে নেয়া হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে তা ফিরিয়ে আনার অধিকার থাকবে।

৯। প্রশাসনিক সুযোগ-সুবিধা ঃ

(ক) কমিটি/সংগঠনের সদস্যগণ নিজ নিজ সংস্থান নিয়ম অনুসারে পরিচালিত হবেন।

(খ) সদস্যগণ তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে নিজ নিজ সংস্থা থেকে প্রশাসনিক সুবিধা ভোগ করবেন।

(গ) নিজ সংস্থা ছাড়াও কর্মকর্তাবৃন্দ মন্ত্রণালয়/বিভাগীয়/মহানগরের পরিবহন পুল থেকে গাড়ির সুবিধা ভোগ করবেন।

(ঘ) তদন্ত কাজে নিয়োজিত সদস্যগণ নিজ নিজ সংস্থা হতে প্রতিদিন ডিএ পাবেন।

(ঙ) কেন্দ্রীয় কমিটি এ কাজে সংশ্লিষ্ট সকলের জন্য আকর্ষণীয় incentive প্রদানের নীতিমালা প্রণয়ন করবে।

১০। **ভূতাপেক্ষতা (Retrospective Effect)**

এই নির্দেশ/আদেশ ০৪ ফেব্রুয়ারি ২০০৭ তারিখ হতে কার্যকরী হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলী ইমাম মজুমদার
মন্ত্রিপরিষদ সচিব

**সাংগঠনিক কাঠামো**

**গুরুতর অপরাধ দমন অভিযান সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি**

কেন্দ্রীয় কমিটি
চেয়ারম্যান :মেজর জেনারেল এম এ মতিন (অব:) বিপি ,মাননীয় উপদেষ্টা।

প্রধান সমন্বয়ক : মেজর জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী ,এনডিসি ,পিএসসি ,জি্ওসি ,৯ পদাদিক ডিভিশন

সদস্যবৃন্দ :

ক। সকল জিওসি (দায়িত্বপূর্ন এলাকার প্রতিনিধি এবং সমন্বয়কারী )।
খ। সচিব ,মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়।
গ। সচিব, দুর্নীতি দমন কমিশন (সমন্বয়ের নিমিত্তে)
ঘ। চেয়ারমান ,এনবিআর /ডিজি সিআইসি , এনবিআর
ঙ। আইজিপি /অতিরিক্ত মহাপরিদর্শক ,এসবি।
চ। অতিরিক্ত সচিব(লেজিসলেটিভ ),আইন মন্ত্রণালয় ।
ছ। ডিজি / অতিরিক্ত মহাপরিচালক , ব্যাব
জ। উপমহাপরিচালক ,বিডিআর

নির্বাহী বিভাগ/সংস্থা
(Executing Organization)
দুনীতি দমন কমিশন
পুলিশ
পুলিশ(এসবি)
পুলিশ (সিআইডি)
র‍্যাব
এনবিআর
এসবি
বাংলাদেশ ব্যাংক বা তৎ কর্তৃক মনোনীত সংস্থা

সহায়তাদানকারী সংস্থা
(Input Provider)

দুনীতি দমন কমিশন
এনবিআর
অডিটর এন্ড কম্পট্রোলার জেনারেল
বিডিআর
পুলিশ
পুলিশ(এসবি)

পুলিশ (সিআইডি)
র‍্যাব
এনএসআই
ডিজিএফআই
বাংলাদেশ ব্যাংক
অন্য যে কোন সংগঠন /উৎস

ঝ। ডেপুটি গভর্ণর /এক্সিকিউটিভ পরিচালক ,
বাংলাদেশ ব্যাংক(গভর্ণর কর্তৃক মনোনীত)
ঞ। পরিচালক ,এনএসআই (ইন্টারনাল)
ট। পরিচালক (সিটিআইবি ),ডিজিএফআই।
ঠ। ডিএমও ,বাংলাদেশ সেনাবাহিনী
ড। যুগ্ম-সচিব (রাজনৈতিক) ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়
ঢ। অতিরিক্ত /ডেপুটি এ্যাটর্ণি জেনারেল (এ্যাটর্ণি জেনারেল কর্তৃক মনোনীত )
তদুপরি এই কমিটি প্রয়োজনানুযায়ী যে কোন সংস্থা থেকে উপযুক্ত প্রতিনিধি কমিটিতে অর্ন্তভুক্ত করতে পারবেন।

**প্রসিকিউশন দল**

**(Prosecution team)**

১ x প্রধান প্রসিকিউটর , ডিজিএফআই
১ x উপ প্রধান প্রসিকিউটর
প্রসিকিউটর (প্রয়োজনানুযায়ী )

**অভিযোগ গঠন ও বাছাই সেল**

১ x ব্রিগেডিয়ার জেনারেল
১ x লে: কর্নেল সেনা বাহিনী
১ x উইং কমান্ডার, বিমান বাহিনী
১ x লে: কমান্ডার নৌ বাহিনী
১ x মেজর সেনাবাহিনী

(ঢাকা -সাভার অঞ্চল)- (ঘাটাইল অঞ্চল)- (চট্রগ্রাম অঞ্চল)-(কুমিল্লা অঞ্চল)-(বগুড়া অঞ্চল)- (রংপুর অঞ্চল)-(যশোর অঞ্চল)

**ঢাকা -সাভার অঞ্চল**

ঢাকা মহানগর
ঢাকা মহানগর -১
ঢাকা মহানগর -২
ঢাকা মহানগর -৩
ঢাকা মহানগর -৪
ঢাকা মহানগর -৫

সংগঠন

১ x ব্রিগেডিয়ার জেনারেল
১ x স্টাফ অফিসার

**ঢাকা মহানগর ব্যাতিত**
**সংগঠন**

১ x ডিআইজি
১ x স্টাফ অফিসার
(সামরিক /পুলিশ/এনবিআর )

দায়িত্বপূর্ণ এলাকা

ঢাকা জেলা (মেট্রোপলিটন ) ব্যাতিত
মানিকগঞ্জ
গাজীপুর
নরসিংদী
নারায়ণগঞ্জ
মুন্সিগঞ্জ
রাজবাড়ী

(১ x আর্মি , ১ x পুলিশ x
এনসিসি , ১ x এনবিআর )
মোট ৪০ x টাস্কফোর্স

মাদরীপুর
শরিয়তপুর
২ x টাস্কফোর্স

**ঘাটাইল অঞ্চল**

**সংগঠন**
১ x ব্রিগেডিয়ার জেনারেল
১ x স্টাফ অফিসার
(সামরিক /পুলিশ/এনবিআর )

দায়িত্বপূর্ন এলাকা

জামালপুর
শেরপুর
টাঙ্গাইল
ময়মনসিংহ
নেত্রকোনা
কিশোরগঞ্জ

১ x টাস্কফোর্স

**চট্রগ্রাম অঞ্চল**

**চট্রগ্রাম মহানগর সংগঠন**

১ x ব্রিগেডিয়ার জেনারেল

১ x স্টাফ অফিসার
১ x আর্মি ,
১ x এনবিআর
মোট ৪ x টাস্কফোর্স

**চট্রগ্রাম মহানগর ব্যাতিত সংগঠন**
১ x কমিশনার (এনবিআর )
১ x স্টাফ অফিসার
(সামরিক /পুলিশ/এনবিআর )
দায়িত্বপূর্ন এলাকা

চট্রগ্রাম জেলা (মেট্রোপলিটন ব্যতিত)
কক্সবাজার
বান্দরবান
রাংগামাটি
খাগড়াছড়ি
২ x টাস্কফোর্স

**কুমিল্লা অঞ্চল**

**সংগঠন**

১ x ব্রিগেডিয়ার জেনারেল

১ x স্টাফ অফিসার

(সামরিক /পুলিশ/এনবিআর )

দায়িত্বপূর্ন এলাকা

কুমিল্লা

ব্রাহ্মনবাড়িয়া

চাঁদপুর

লক্ষ্মীপুর

নোয়াখালী

ফেনী

সিলেট

সুনামগঞ্জ

হবিগঞ্জ

মৌলভীবাজার

৩ x টাস্কফোর্স

**বগুড়া অঞ্চল**

**সংগঠন**

১ x কমিশনার এনবিআর

১ x স্টাফ অফিসার

(সামরিক /পুলিশ/এনবিআর )

দায়িত্বপূর্ন এলাকা

রাজশাহী

নঁওগা

নওয়াবগঞ্জ

নাটোর

বগুড়া

সিরাজগঞ্জ

পাবনা

২ x টাস্কফোর্স

**রংপুর অঞ্চল**

**সংগঠন**

১ x ব্রিগেডিয়ার জেনারেল

১ x স্টাফ অফিসার

(সামরিক /পুলিশ/এনবিআর )

দায়িত্বপূর্ন এলাকা

পঞ্চগড়

ঠাকুরগাঁও

নীলফামারী

দিনাজপুর

লালমনিহাট

রংপুর

গাইবান্ধা

কুড়িগ্রাম

জয়পুরহাট

২ x টাস্কফোর্স

**যশোর অঞ্চল**

**সংগঠন**

১ x গ্রুপ ক্যাপ্টেন

১ x স্টাফ অফিসার

(সামরিক /পুলিশ/এনবিআর )

দায়িত্বপূর্ন এলাকা

যশোর

কুষ্টিয়া

মাগুরা

ঝিনাইদহ

চুয়াডাঙ্গা

মেহেরপুর

খুলনা

বাগেরহাট

সাতক্ষীরা

নড়াইল

২ x টাস্কফোর্স

**রংপুর অঞ্চল**

**সংগঠন**

১ x কমান্ডার / ক্যাপ্টেন (নেভী )

১ x স্টাফ অফিসার

(সামরিক /পুলিশ/এনবিআর )

দায়িত্বপূর্ন এলাকা

বরিশাল

ঝালকাঠি

পিরোজপুর

বরগুনা

পটুয়াখালী

ভোলা

ফরিদপুর

গোপালগঞ্জ

২ x টাস্কফোর্স

**টাস্কফোর্স এর সংগঠন**

১ x সশস্ত্র বাহিনী অফিসার (মেজর /সমমান )

১ x র‍্যাব অফিসার (প্রাপ্যতা সাপেক্ষে)

১ x পুলিস অফিসার (যদি দুর্নীতি কমিশন প্রয়োজন অনুভব করে )

১ x এসিসি অফিসার(যদি দুর্নীতি কমিশন প্রয়োজন অনুভব করে )

১ x এনবিআর অফিসার

**টাস্কফোর্স এর সংগঠন**

১ x এনএসআই প্রতিনিধি

১ x ডিজিএফআই প্রতিনিধি

১ x প্রসিকিউটর

১ x অডিটর/চার্টাড একাউটেন্ট/বিশেষজ্ঞ/কনসালটেন্ট (দেশী/বিদেশী)

১ x মন্ত্রণালয়ের প্রতিনিধি

**নোট:**

(১) প্রতিটি জেলায় একটি করে টাস্কফোর্স গঠন করা হবে । প্রয়োজনে জেলা টাস্কফোর্স সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে।

(২) আঞ্চলিক কমিটি ও টাস্কফোর্সসমূহে প্রাপ্যতা সাপেক্ষে সদস্য নিয়োজিত হবে ।

(৩) প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট সংরক্ষিত থাকবে ।

(৪ ) প্রয়োজনীয় সংখ্যক চাটার্ড একাউন্টটেন্ট/ অডিটর সংরক্ষিত থাকবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলী ইমাম মজুমদার

মন্ত্রিপরিষদ সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ০৬ মার্চ, ২০০৭/ ২২ ফাল্গুন, ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/মসক-৬/২০০৪/৩৩ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রকল্প শেষ হওয়ার পূর্বে অথবা প্রকল্পে তিন বছর কর্মকাল শেষ হবার পূর্বে প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণের বদলীর বিষয় বিবেচনা করার নিমিত্তে মন্ত্রিপরিষদ বিভাগের ২২-০৮-২০০৪ তারিখের মপবি/কঃবিঃশাঃ/মসক-৬/২০০৪/১৭১ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি পুনর্গঠন করেছে:

(ক) **কমিটির নাম ঃ** প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তার প্রকল্প শেষ হবার পূর্বে বদলীর বিষয় বিবেচনা সংক্রান্ত উচ্চ পর্যায়ের কমিটি। এর সংক্ষিপ্ত নাম হবে প্রকল্প কর্মকর্তাদের বদলী সংক্রান্ত কমিটি।

**(খ) কমিটির গঠন ঃ**

(১) জনাব আইয়ুব কাদরী, উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় - সভাপতি
(২) সচিব, পরিকল্পনা বিভাগ - সদস্য
(৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয় - সদস্য
(৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ - সদস্য
(৫) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ - সদস্য

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) পদোন্নতি/উচ্চতর পদায়ন এবং শাস্তিমূলক ব্যবস্থা/বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয় ব্যতীত ৩(তিন) বছর মেয়াদ সমাপ্তির পূর্বে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্পে নিয়োজিত প্রকল্প পরিচালক/প্রকল্পের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণকে বদলী সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করে সুপারিশ প্রদান।

(২) প্রকল্প সমাপ্তির কারণে বদলীর ক্ষেত্রে কমিটির নিকট উপস্থাপনের প্রয়োজন হবে না।

(৩) মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশক্রমে জারীকৃত বদলী/নিয়োগ আদেশসমূহ কমিটির সুপারিশের আওতাবর্হিভূত থাকবে এবং তা' সরাসরি কার্যকর হবে।

২। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এ কমিটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মতিয়ার রহমান )
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা ,৩ মার্চ , ২০০৭ /১৯ ফাল্গুন ১৪১৩**

নং-মপবি /ক:বি:শা:/ উপ্রদেষ্টা পরিষদ-১/২০০৬/২৮- গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারমন্ত্রিপরিষদ বিভাগের ২১ শে জানুয়ারি ২০০৭ /০৮ মাঘ ১৪১৩ তারিখে জারীকৃত মপবি /ক:বি:শা:/ উপদেষ্টা পরিষদ-১/২০০৬/০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত পরিশিষ্ট-চ এ 'জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি-তে জনাব আইয়ুব কাদরী, উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে কমিটির সদস্য অন্তর্ভুক্ত করেছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।
৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ৪ ফেব্রুয়ারি, ২০০৭ /২২ মাঘ, ১৪১৩**

নং-মপবি /ক:বি:শা:/ উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৪-মন্ত্রিপরিষদ বিভাগের ২১ শে জানুয়ারি ২০০৭/০৮ মাঘ ,১৪১৩ তারিখে মপবি /ক:বি:শা:/ উপদেষ্টা পরিষদ-১/২০০৬/৪ নম্বর প্রজ্ঞাপনের পরিশিষ্ট-ছ এ ‘ আইন -শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি’ এর সহায়তাকারী কর্মকর্তাগণ (অনুচ্ছেদ -‘খ’) এর ক্রমিক (৫) “চীফ অব জেনারেল স্টাফ , সশস্ত্র বাহিনী বিভাগ”এর স্থলে “ চীফ অব জেনারেল স্টাফ , সেনাসদর প্রতিস্থাপিত হবে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মতিয়ার রহমান)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৪ ফেব্রুয়ারি /০২ ফাল্গুন ১৪১৩**

নং-মপবি /ক:বি:শা:/ উপদেষ্টা পরিষদ-৪/২০০৭/২৩- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ জানুয়ারি ,২০০৭ তারিখের মপবি /ক:বি:শা:/ উপদেষ্টা পরিষদ-৪/২০০৭/৭ নম্বর প্রজ্ঞাপনমূলে দুনীতি দমনের জন্য বিদ্যমান আইনগত, প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক অপর্যাপ্ততা /সীমাবদ্ধতাসমূহ চিহ্নিত করিয়া তাহা দূরীকরণে জরুরীভিত্তিতে সুপারিশ প্রনয়ণের লক্ষ্যে গঠিত উপদেষ্টা পরিষদ কমিটি কর্তৃক সুপারিশ প্রনয়নের জন্য নির্ধারিত ২(দুই ) সপ্তাহের সময়সীমা আরও ১০ (দশ ) দিন বৃদ্ধি করিয়াছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ নূরুল করিম)
উপ-সচিব (অর্থনৈতিক)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৪ জানুয়ারি ২০০৭ /১১মাঘ ১৪১৩**

নং-মপবি /ক:বি:শা:/ উপদেষ্টা পরিষদ-৪/২০০৭/৭-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দুনীতি দমনের জন্য বিদ্যমান আইনগত ,প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক অপর্যাপ্ততা/সীমাবদ্ধতাসমূহ চিহ্নিত করিয়া তাহা দূরীকরণে জরুরিভিত্তিতে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করিয়াছে:

(ক) কমিটির গঠন ঃ

(১) ব্যারিষ্টার মঈনুল হোসেন — আহ্বায়ক
উপদেষ্টা ,আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় , তথ্য মন্ত্রণালয় ,
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয় ।

(২) মেজর জেনারেল এম এ মতিন ,বিপি(অব:) — সদস্য
উপদেষ্টা , যোগাযোগ মন্ত্রণালয় নৌ-পরিবহন মন্ত্রণালয়,
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

(৩) মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ — সদস্য

(৪) এটর্নী জেনারেল — সদস্য

(৫) সচিব ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় — সদস্য

(৬) সচিব, অর্থ মন্ত্রণালয় — সদস্য

(৭) সচিব, দুনীতি দমন মন্ত্রণালয় — সদস্য

২। কমিটি আগামী ০২(দুই) সপ্তাহের মধ্যে মাননীয় উপদেষ্টা বরাবর পুর্ণাঙ্গ সুপারিশ পেশ করিবে।

৩। আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এই কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( মোঃ নূরুল করিম )
উপ-সচিব (অর্থনৈতিক)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা ,২১ জানুয়ারি ২০০৭/৮ মাঘ ১৪১৩**

নং-মপবি /ক:বি:শা:/উপদেষ্টা পরিষদ-১ /২০০৬/৪- গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত উপদেষ্টা পরিষদ কমিটি / পরিষদসমূহ পুর্নগঠন করেছে ঃ

(ক) সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(খ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(গ) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি(একনেক)।
(ঘ) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)।
(ঙ) প্রশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি।
(চ) জাতীয় পুরষ্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।
(ছ) আইন -শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।

২। উপর্যুক্ত উপদেষ্টা পরিষদ কমিটি / পরিষদসমুহ গঠন,সহায়তাদানকারী কর্মকর্তাগণ,কমিটির কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয় /বিভাগের নাম পরিশিষ্ট 'ক' হতে 'ছ' তে প্রদত্ত হলো।
৩। উপদেষ্টা পরিষদ কমিটি / পরিষদসমুহের সভার কার্যবিবরনী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয় /বিভাগ কর্তৃক এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও উন্নয়ন অনুবিভাগে ) প্রেরণ করতে হবে ।
৪। উপদেষ্টা পরিষদ কমিটি / পরিষদসমুহের যে সমস্ত সুপারিশ /সিদ্ধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদের সভায় পেশ করার প্রয়োজন ,তা বাস্তবায়ন উপদেষ্টা পরিষদের সভায় পেশ করতে হবে । উপদেষ্টা পরিষদ কমিটি / পরিষদসমুহের অন্যান্য সুপারিশ /সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে প্রধান উপদেষ্টার অনুমোদনের জন্য পেশ করতে হবে।
৫। এতদসংক্রান্ত পূর্বে গঠিত কমিটি / পরিষদ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: মতিয়ার রহমান
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

পরিশিষ্ট-ক

**সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি**

**(ক) কমিটির গঠন :**

আহবায়ক :

(১) উপদেষ্টা ,
অর্থ মন্ত্রণালয় ,পরিকল্পনা মন্ত্রণালয়,বাণিজ্য মন্ত্রণালয়
এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) উপদেষ্টা ,
আইন ,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,ভুমি মন্ত্রণালয়
এবং তথ্য মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা ,
যোগাযোগ মন্ত্রণালয় নৌ-পরিবহন মন্ত্রণালয় বেসামরিক বিমান পরিবহন
ও পর্যটন মন্ত্রণালয়এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

(৪) উপদেষ্টা ,
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় এবং
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ।

(৫) উপদেষ্টা ,
সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ।

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব ।
(২) মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয় ।
(৩) সচিব ,অর্থ বিভাগ ।
(৪) সচিব ,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৫) সচিব,বাস্তবায়ন ,পরিবীক্ষণ ও মুল্যায়ণ বিভাগ ।
(৬) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য ।
(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের সচিব।

**(গ) কমিটির কার্যপরিধি:**

(১) সকল মন্ত্রণালয় /বিভাগ/অধ:স্তন দপ্তর /আধা-সরকারী সংস্থা/ স্বায়ত্বশাসিত সংস্থা রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্দ্ধে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;
(২) পরামর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;
(৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্দ্ধের)পুনঃদরপত্র আহ্বানের পুনবিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;
(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহবান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

**(ঘ)** কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(ঙ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

**(চ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-খ

## অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।

**(ক) কমিটির গঠন ঃ**

আহবায়ক :

(১) উপদেষ্টা ,
অর্থ মন্ত্রণালয় ,পরিকল্পনা মন্ত্রণালয়,বাণিজ্য মন্ত্রণালয়
এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) উপদেষ্টা ,
বিদ্যুৎ ,জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়,বিজ্ঞান এবং তথ্য ও
যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা ,
শিক্ষা মন্ত্রণালয়,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক
মন্ত্রণালয়।

(৪) উপদেষ্টা ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ,পানি সম্পদ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ।

(৫)উপদেষ্টা ,
সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ।

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১)মন্ত্রিপরিষদ সচিব ।
(২)মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয় ।
(৩)গভর্ণর ,বাংলাদেশ ব্যাংক।
(৪)সচিব ,শিল্প মন্ত্রণালয় ।
(৫) সচিব ,অর্থ বিভাগ।
(৬) সচিব,পররাষ্ট্র মন্ত্রণালয়।
(৭) সচিব ,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
(৮) সচিব ,অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
(৯) সচিব ,বাণিজ্য মন্ত্রণালয়।
(১০) পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট সদস্য ।

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;
(২) উপদেষ্টা পরিষদে উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব /নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন :
ক. বাণিজ্য নীতি (আমদানি নীতি ,রপ্তানী নীতি প্রভৃতিসহ );
খ. শিল্পনীতি;
গ. বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী;
(৩) ব্যাংক ,বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমুহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন; এবং
(৪) বিভিন্ন সরকারী /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য ভতুর্কি সংক্রান্ত বিষয়াদি ।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।
(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-গ

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি(একনেক)

**(ক) কমিটির গঠন ঃ**

**চেয়ারম্যান :**

(১) প্রধান উপদেষ্টা ,

**বিকল্প চেয়ারম্যান :**

(২) উপদেষ্টা ,
অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়
এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়।

**সদস্য**

(৩) উপদেষ্টা পরিষদের সদস্যগণ

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩) সচিব, অর্থ বিভাগ
(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(৫) সচিব, পরিকল্পনা বিভাগ
(৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মুল্যায়ণ বিভাগ
(৭) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
(৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের সচিব

**(গ) নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি)বিবেচনাা ও অনুমোদন;
(২) সরকারী খাতে ২৫(পঁচিশ) কোটি টাকার উর্দ্ধে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন ;
(৩) উন্নয়ন প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ;
(৪) বেসরকারী উদ্যোগ ,যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহনে বিনিয়োগ কোম্পানীসমুহের প্রস্তাব বিবেচনা;
(৫) অর্থনৈতিক পরিস্থিতি পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতিনির্ধারণী বিষয়সমুহ পর্যালোচনা ;
(৬) বিধিবদ্ধ সংস্থাসমুহের সম্পাদিত কার্যাবলী বিশেষত: উহাদের আর্থিক ফলাফল বিবেচনা ;
(৭) সরকারী সংস্থাসমুহের উৎপন্ন দ্রব্যের মূল্য ও জনসেবামূলক সার্ভিসসমূহের রেট ,ফিস ইত্যাদির বিবেচনা ;
(৮) বৈদেশিক সাহায্য ,বাণিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানি বিষয়ে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ওঅনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রাসমুহের অগ্রগতি পর্যালোচনা ।

**(ঘ)** কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(ঙ)** পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-ঘ

## জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)।

**(ক) কমিটির গঠন ঃ**

**চেয়ারম্যান :**

(১) প্রধান উপদেষ্টা

**সদস্য**

(২) উপদেষ্টা পরিষদের সদস্যগণ

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) গভর্ণর ,বাংলাদেশ ব্যাংক

(৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ

(৪) মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ পরিকল্পনা কমিশনের সদস্যগণ

**গ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দরিদ্র নিরসন কৌশলপত্র ,বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরূপনের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;

(২) পরিকল্পনা,কর্মসূচী এবং কর্মপন্থা চুড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান ;

(৩) উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ;

(৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহন;এবং

(৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

**(ঘ)** পরিষদ বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(ঙ)** পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-৬

## প্রশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি

**(ক) কমিটির গঠন ঃ**

**আহবায়ক :**

(১) প্রধান উপদেষ্টা ,

**সদস্যবৃন্দ**

(২) উপদেষ্টা ,
পররাষ্ট্র মন্ত্রণালয় ,প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান
এবং পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা ,
শিক্ষা মন্ত্রণালয়,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,পানি সম্পদ মন্ত্রণালয়
এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ।

(৪) উপদেষ্টা ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,পানি সম্পদ মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ।

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩) সচিব ,সংস্থাপন মন্ত্রণালয়
(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগের সচিব ।

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) সরকারের উচ্চ পর্যায়ের পদে এবং বিভাগীয় প্রধান /স্বায়ত্বশাসিত সংস্থার প্রধান /পরিচালনা পরিষদের সদস্য /পরিচালক পদে নিয়োগের ও প্রয়োজনীয় ক্ষেত্রে রদবদলের প্রস্তাব বিবেচনা করা;
(২) মাঠ পর্যায়ে নিয়োগের জন্য যোগ্যতার তালিকা ( ফিটলিষ্ট) ও মাঠ পর্যায়ে নিয়োগের নীতিমালার বিষয়ে দিক-নির্দেশনা প্রদান ।

**(ঘ)** কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(ঙ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-চ

**জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।**

**(ক) কমিটির গঠন ঃ**

**আহবায়ক :**

(১) উপদেষ্টা ,
যোগাযোগ মন্ত্রণালয় , নৌ-পরিবহন মন্ত্রণালয় ,বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) উপদেষ্টা ,
শিল্প মন্ত্রণালয় ,বস্ত্র ও পাট মন্ত্রণালয়,সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৩) উপদেষ্টা ,
কৃষি মন্ত্রণালয়,মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশও বন মন্ত্রণালয়

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা ।

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) মুখ্য সচিব/সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩) সচিব ,অর্থ বিভাগ
(৪) সচিব ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৫) সচিব,তথ্য মন্ত্রণালয়
(৬) সচিব,শিক্ষা মন্ত্রণালয়
(৭) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(৮) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**(গ)কমিটির কার্যপরিধিঃ**

(১) জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয় /বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবসমুহ পরীক্ষা করা ;
(২) বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রমমূল্যায়ন এবং প্রয়োজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান ;
(৩) নতুন ধরনের কোন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা করা ;

**(ঘ)** কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

**(ঙ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

**(চ)** মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিশিষ্ট-ছ

## আইন -শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

**(ক) কমিটির গঠন ঃ**

আহবায়ক :

(১) উপদেষ্টা ,
আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় , গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয় ,
ভূমি মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) উপদেষ্টা ,
যোগাযোগ মন্ত্রণালয় নৌ-পরিবহন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা ,
শিক্ষা মন্ত্রণালয়,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব
(২) মুখ্য সচিব ,প্রধান উপদেষ্টার কার্যালয়
(৩) সচিব ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৪) প্রিন্সিপাল স্টাফ অফিসার ,সশস্ত্র বাহিনী বিভাগ
(৫) চিফ অব জেনারেল স্টাফ,সশস্ত্র বাহিনী বিভাগ
(৬) মহাপুলিশ পরিদর্শক
(৭) মহাপরিচালক ,বাংলাদেশ রাইফেলস
(৮) মহাপরিচালক ,প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা
(৯) মহাপরিচালক ,জাতীয় নিরাপত্তা গোয়েন্দা
(১০) মহাপরিচালক ,জাতীয় নিরাপত্তা গোয়েন্দা
(১১) মহাপরিচালক ,কোষ্টগার্ড
(১২) মহাপরিচালক.র‍্যাপিড এ্যাকশন ব্যাটিলিয়ন

**(গ)কমিটির কার্যপরিধিঃ**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন।
(২) যে কারনে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে পারে সে কারনগুলো পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণপূর্বক ভবিষ্যতে এগুলো দূরীকরণের প্রয়োজনীয় সুপারিশ প্রদান।
(৩) হরতাল,ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এগুলোর ফলে জনজীবনে যে দুর্ভোগ ও অচলাবস্থা সৃষ্টি হয় তা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সিগুলোর করণীয় ও গ্রহনীয় পদক্ষেপ সম্পর্কে করণীয় ও গ্রহণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান ।
(৪) উপরোক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান ।
(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

**(ঘ)** স্বরাস্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৭ ডিসেম্বর ২০০৬/৩ পৌষ ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৭০-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৩ নভেম্বর ২০০৬/০৯ অগ্রহায়ন ১৪১৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৪৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত "আইন-শৃংখলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি"র সদস্য জনাব হাসান মশহুদ চৌধুরী এর স্থলে উপদেষ্টা ,মেঃ জেঃ রুহুল আলম চৌধুরী (অবঃ)-কে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করেছে ।

২। কমিটির অন্যান্য বিষয় অপরির্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১৩ ডিসেম্বর ২০০৬/২৯ অগ্রহায়ণ ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/সক-০১/১৬৮-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জানুয়ারি ২০০৩/০৯ মাঘ ১৪০৯ তারিখের মপবি/কঃবিঃশাঃ/সক-০১/২০০৩/২৮ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটির ১ নং অনুচ্ছেদের-ক এর ৩নং ক্রমিকে বর্ণিত "সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব" এর স্থলে "সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব/যুগ্ম প্রধান"-কে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করিয়াছে।

২। কমিটির অন্যান্য বিষয় অপরির্তিত থাকবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৩ নভেম্বর ২০০৬/০৯ অগ্রহায়ণ ১৪১৩**

নং-মপবি/কঃবিঃশাঃ/উপদেষ্টা পরিষদ-১/২০০৬/১৪৭-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন, অস্ত্র উদ্ধার অভিযান তত্ত্বধান এবং এই বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করিয়াছেঃ

(ক) **কমিটি গঠন ঃ**

(১) প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ
প্রধান উপদেষ্টা — -আহ্বায়ক

(২) জনাব হাসান মশহুদ চৌধুরী
উপদেষ্টা — -সদস্য

(৩) জনাব এম. আজিজুল হক
উপদেষ্টা — -সদস্য

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহাম্মদ আব্দুস সামাদ)
যুগ্ম-সচিব (কমিটি ও উন্নয়ন